

## 💵 বিদ'আত পরিচিতির মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ বিদ'আতের মৌলিক নীতিমালা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## ত্রয়োদশ নীতি

দীনী ব্যাপারে অহেতুক তর্ক, ঝগড়া-বিবাদ ও বাড়াবাড়িপূর্ণ প্রশ্ন বিদ'আত হিসেবে গণ্য। এ নীতির মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো শামিল:

১. মুতাশাবিহাত বা মানুষের বোধগম্য নয় এমন বিষয় সম্পর্কে প্রশ্ন করা। ইমাম মালেক রহ.-কে এক ব্যক্তি আরশের উপর আল্লাহর استواء বা উঠার প্রকৃতি-ধরণ সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বললেন ''কিরূপ উঠা তা বোধগম্য নয়, তবে استواء বা উঠা একটি জানা ও জ্ঞাত বিষয়, এর প্রতি ঈমান রাখা ওয়াজিব এবং প্রশ্ন করা বিদ'আত।[1]

ইমাম ইবন তাইমিয়াহ রহ. বলেন, "কেননা এ প্রশ্নটি ছিল এমন বিষয় সম্পর্কে যা মানুষের জ্ঞাত নয় এবং এর জবাব দেওয়াও সম্ভব নয়।"[2]

তিনি অন্যত্র বলেন, ''আরশের উপর উঠা সম্পর্কে ইমাম মালেকের এ জবাব আল্লাহর সকল গুণাবলী সম্পর্কে ব্যাখ্যা হিসেবে পুরাপুরি যথেষ্ট।''[3]

২। দীনের অন্তর্ভুক্ত নয় এমন কিছু নিয়ে গোঁড়ামি করা এবং গোঁড়ামির কারণে মুসলিমদের মধ্যে অনৈক্য ও বিভেদ সৃষ্টি করা বিদ'আত বলে গণ্য।৩। মুসলিমদের কাউকে উপযুক্ত দলীল ছাড়া কাফির ও বিদ'আতী বলে অপবাদ দেওয়া।

## ফুটনোট

- [1] আস-সুনাহ ৩/৪৪১, ফাতহুল বারী ১৩/৪০৬-৪০৭
- [2] মাজমু' আল-ফাতাওয়া ৩/২৫
- [3] মাজমু' আল-ফাতাওয়া 8/8

Source — https://www.hadithbd.com/books/link/?id=9919

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন